এইচএসসি পরীক্ষা

অর্থনীতি

বিষয় কোড: HSC-1858

বহুনির্বাচনি প্রশ্ন

[দ্রষ্টব্য: ৪০টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১]

সময়: ৪০ মিনিট পূর্ণমান: ৪০

১। গ্রীক শব্দ 'Oikonomia' এর অর্থ কি?
ক. অফিস ব্যবস্থাপনা খ. গার্হস্থ্য ব্যবস্থাপনা
গ. ব্যক্তি ব্যবস্থাপনা ঘ. অর্থনৈতিক ব্যবস্থাপনা

২। সুযোগ ব্যয় হচ্ছে-
i. অবসর সময়ে টিভি না দেখে গল্পের বই পড়া
ii. বিকেলে মাঠে খেলতে না গিয়ে বন্ধুর সাথে আড্ডা দেয়া
iii. একই সঙ্গে স্কুলে যাওয়া এবং মাঠে সাইকেল চালানো
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দিন।

মানুষের জীবনে অভাব সীমাহীন এবং সম্পদ সীমিত। একটি অভাব পূরণ হতে না হতেই আরেকটি অভাব দেখা দেয়। সব অভাব সমান গুরুত্বপূর্ণ নয়। গুরুত্বের ক্রমানুসারে অভাব নির্বাচন করতে হয়। এ কারণে একটি দ্রব্যের অতিরিক্ত একক পাওয়ার জন্য অপর একটি দ্রব্য ত্যাগ করতে হয়।

৩। অর্থনীতিতে নির্বাচন সমস্যার উদ্ভব হয় যখন-
i. অসীম অভাব ও সীমাহীন সম্পদ থাকে
ii. সীমিত সম্পদ ও অসীম অভাব থাকে
iii. সম্পদের দুষ্প্রাপ্যতা থাকে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৪। সর্বোত্তম বিকল্প দ্রব্যটি ত্যাগের ব্যয় হচ্ছে-
ক. প্রান্তিক ব্যয় খ. মোট ব্যয়
গ. সুযোগ ব্যয় ঘ. গড় ব্যয়

৫। মিতু একটি দেশে ভ্রমণ করতে গিয়ে দেখল সেখানে রাষ্ট্রীয় মালিকানার কোন প্রতিষ্ঠান নেই। ঐ দেশটিতে কোন ধরনের অর্থব্যবস্থা বিদ্যমান?
ক. ধনতান্ত্রিক খ. সমাজতান্ত্রিক
গ. মিশ্র ঘ. ইসলামী

৬। বাংলাদেশের অর্থনীতি মিশ্র অর্থনীতি, কারণ এ অর্থ ব্যবস্থায়-
i. ইসলামী শরীয়াহ্ অনুযায়ী অর্থনৈতিক কার্যক্রম সম্পূর্ণভাবে পরিচালিত হয়
ii. সরকারি ও বেসরকারি খাতের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে যৌথভাবে অর্থনৈতিক কার্যক্রম পরিচালিত হয়
iii. সম্পদের ব্যক্তিমালিকানা থাকায় মুনাফা অর্জনের সুযোগ বিদ্যমান।
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

৭। ধ্রুবকের বৈশিষ্ট্য কোনটি?
ক. মান সবসময় পরিবর্তনশীল
খ. X, Y, Z প্রতীক দ্বারা প্রকাশ করা যায়
গ. গাণিতিক সংখ্যা ১, ২, ৩ দ্বারা প্রকাশ করা যায়
ঘ. গড় মূল্য নির্ধারণে ব্যবহৃত হয়

৮। স্বাধীন ও অধীন চলকের মধ্যে নির্ভরশীল সম্পর্কের গাণিতিক প্রকাশকে কি বলে?
ক. অপেক্ষক খ. সহগ
গ. ধ্রুবক ঘ. পরামিতি

৯। মূলবিন্দু হচ্ছে-
i. ইহাকে '০' দ্বারা প্রকাশ করা হয়
ii. ভূমি ও লম্ব অক্ষের ছেদবিন্দু
iii. মূলবিন্দুতে স্থানাংক (০,০)
নিচের কোনটি সঠিক
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১০। কোন দ্রব্যের মোট উপযোগ যখন সর্বোচ্চ হয় তখন-
i. প্রান্তিক উপযোগ সর্বোচ্চ হয়
ii. প্রান্তিক উপযোগ শূণ্য হয়
iii. প্রান্তিক উপযোগ রেখা ভূমি অক্ষকে ছেদ করে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১১ ও ১২ নম্বর প্রশ্নের উত্তর দিন।

জলিল মিয়া বাজার থেকে ৬টি কমলালেবু ক্রয় করলো। সে ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম ও ৬ষ্ঠ কমলালেবু থেকে যথাক্রমে ১৫ একক, ১০ একক, ৭ একক, ৫ একক, ৩ একক এবং ১ একক প্রান্তিক উপযোগ পেলো।

১১। এক্ষেত্রে অর্থনীতির কোন বিধিটি কার্যকর হয়েছে-
ক. চাহিদা বিধি খ. যোগান বিধি
গ. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
ঘ. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি

১২। ৬ষ্ঠ কমলালেবুটি ভোগ করার ক্ষেত্রে তার প্রান্তিক উপযোগ কত হবে?
ক. ৭ একক খ. ৫ একক
গ. ১ একক ঘ. শূণ্য একক

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দিন।

ছাত্র রহিমের বিভিন্ন ধরনের ডাকটিকিট সংগ্রহের অনেক শখ। তাই প্রতিমাসেই কোন না কোন ডাকটিকিট সংগ্রহ করে নিজ ডাকটিকিট অ্যালবামে পর্যায়ক্রমে সাজিয়ে রাখে।

১৩। রহিমের ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধির সীমাবদ্ধতার কোন দিকটিকে প্রতিফলিত করে?
ক. অপরিবর্তনীয় খ. শখের দ্রব্য সংগ্রহ
গ. প্রদর্শন প্রভাব ঘ. পরিপূরক দ্রব্যের উপস্থিতি

১৪। রহিমের ক্রয়কৃত দ্রব্যের ক্ষেত্রে ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি কার্যকর হয় না, কারণ-
i. শখের দ্রব্যের চাহিদা কমে না
ii. মানুষের শখের কোন পরিতৃপ্তি হয় না
iii. শখের দ্রব্যের মজুদ বছর ব্যাপী থাকে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৫। চাহিদা বিধি অনুযায়ী দামের সাথে চাহিদার সম্পর্ক কিরূপ?
ক. ধনাত্মক খ. ঋনাত্মক
গ. স্থির ঘ. কোন সম্পর্ক নাই

১৬। করিম একজন দিনমজুর। তার কলেজ পড়ুয়া ছেলে পড়াশুনার জন্য একটি ল্যাপটপ কিনে দেওয়ার জন্য বাবাকে অনুরোধ করলো। অর্থনীতির দৃষ্টিকোন থেকে ল্যাপটপ ক্রয়ের ইচ্ছা চাহিদা হবে না-

ক. আর্থিক সামর্থ্য নেই খ. অর্থ ব্যয়ের ইচ্ছা নেই
গ. আকাঙ্খা যথাযথ নয় ঘ. পিতার কৃপণতা

১৭। চাহিদা রেখা বাম থেকে ডানদিকে নিম্নগামী কারণ–
i. পরিপূরক দ্রব্যের প্রভাব
ii. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধি
iii. পরিবর্তক প্রভাব
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

১৮। চাহিদা সমীকরন $D = a - bp$ তে $'a'$ হলো
i. চলক
ii. ধ্রুবক
iii. পরামিতি
নিচের কোনটি সত্য?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii

১৯। দ্রব্যের নিজস্ব দামের পরিবর্তনে–
ক. চাহিদা রেখা বামদিকে স্থানান্তরিত হয়
খ. চাহিদা রেখা ডানদিকে স্থানান্তরিত হয়
গ. যোগান রেখা বামদিকে স্থানান্তরিত হয়
ঘ. একই চাহিদা রেখায় অবস্থানগত পরিবর্তন ঘটে

নিচের উদ্দীপকটি পড়ুন এবং ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দিন।

গনি মিয়া একজন দক্ষ কৃষক। সে ধান উৎপাদনের কলা-কৌশল সম্পর্কে সচেতন এবং ধানের বাজার দাম সম্পর্কেও প্রতিনিয়ত খোঁজ খবর রাখেন। বাজারে ধানের মন যখন ৬০০ টাকা তখন সে ১০০ মন ধান বাজারে যোগান দেন। পরে ধানের দাম বৃদ্ধি পেয়ে মনপ্রতি ৬৫০ টাকা হলো এবং পরের বছর গনি মিয়া ১৫০ মন ধান বাজারে যোগান দেন।

২০। উপরে বর্ণিত তথ্য কোন বিধি প্রকাশ করে
ক. চাহিদা বিধি খ. উৎপাদন বিধি
গ. যোগান বিধি ঘ. উপযোগ বিধি

২১। দাম ও যোগানের মধ্যে সম্পর্ক হলো
i. সমমূখী
ii. বিপরীতমূখী
iii. ধনাত্মক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকে প্রদত্ত চিত্র পর্যালোচনা করে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দিন।



২২। SS রেখা ডান দিকে স্থানান্তরিত হলে নতুন ভারসাম্য দাম-
ক. বাড়বে খ. কমবে
গ. স্থির থাকবে ঘ. সামান্য পরিমাণ বাড়বে

২৩। DD এবং SS রেখা উভয়ই এক সঙ্গে সমানুপাতিক হারে ডান দিকে স্থানান্তরিত হলে-
i. ভারসাম্য দাম স্থির থাকে
ii. ভারসাম্য পরিমাণ স্থির থাকে
iii. ভারসাম্য পরিমাণ বাড়ে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

২৪। আড়াআড়ি স্থিতিস্থাপকতার সূত্র কোনটি?
ক. $\frac{\Delta Q}{\Delta P}.\frac{P}{Q}$ খ. $\frac{\Delta S}{\Delta P}.\frac{P}{S}$
গ. $\frac{\Delta Q_X}{\Delta P_Y}.\frac{P_Y}{Q_X}$ ঘ. $\frac{\Delta Q}{\Delta Y}.\frac{Y}{Q}$

২৫। কোন দ্রব্যের প্রতি এককের দাম ২০ টাকা থেকে কমে ১৬ টাকা হলে ক্রেতার চাহিদা ৪০ একক থেকে বৃদ্ধি পেয়ে ৪৪ একক হয়। এক্ষেত্রে দ্রব্যের চাহিদা হবে-
ক. একক স্থিতিস্থাপক খ. অস্থিতিস্থাপক
গ. স্থিতিস্থাপক ঘ. শূণ্য স্থিতিস্থাপক

নিচের অনুচ্ছেদটি পড়ুন এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দিন।

কমলা লেবুর প্রতিটির দাম ১০ টাকা থেকে কমে ৮ টাকা হলে কমলা লেবুর চাহিদা ১০০ একক থেকে বৃদ্ধি পেয়ে ১২০ একক হয়।

২৬। চাহিদার স্থিতিস্থাপকতা কত?
ক. ১ খ. ২
গ. ১/২ ঘ. ২/৩

২৭। দ্রব্যটি যে ধরনের দ্রব্য -
i. পরিবর্তক
ii. সাধারণ দ্রব্য
iii. বিলাসজাতীয় দ্রব্য
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি লক্ষ্য করুন এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দিন।



২৮। চিত্রে SS রেখাটি কোন ধরনের যোগান নির্দেশ করে-
ক. একক অপেক্ষা বেশি স্থিতিস্থাপক
খ. অস্থিতিস্থাপক গ. শূণ্য স্থিতিস্থাপক
ঘ. অসীম স্থিতিস্থাপক

২৯। i. যোগানের পরিবর্তন < দামের পরিবর্তন
ii. দামের পরিবর্তন = যোগানের পরিবর্তন
iii. যোগানের পরিবর্তন > দামের পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. iii ঘ. i, ii ও iii

৩০। অর্থনীতিতে উৎপাদন বলতে বুঝায়-
ক. উপযোগ সৃষ্টি করা খ. অধিক সম্পদ সৃষ্টি করা
গ. অধিক কল্যাণ বৃদ্ধি করা ঘ. উপযোগ ধ্বংস করা

৩১। ভূমির ক্ষেত্রে তথ্যসমূহ হলো-
i. ভূমি প্রকৃতির দান
ii. ভূমির যোগান দাম নেই
iii. অবস্থানগত কারণে ভূমির মূল্যের তফাৎ সৃষ্টি হয়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii ও iii
গ. i ও iii ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকটি লক্ষ্য করুন এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দিন।

জমির পরিমাণ	শ্রম	মোট উৎপাদন
১ একর	১০	৫০ (মণ)
১ একর	২০	১৩০ (মণ)
১ একর	৩০	২৩০ (মণ)
১ একর	৪০	৪৫০ (মণ)

৩২। তালিকা অনুযায়ী শ্রমিকের নিয়োগ ৩০ জন হলে প্রান্তিক উৎপাদন কত?
ক. ৫০ খ. ৮০
গ. ১০০ ঘ. ১৩০

৩৩। এক্ষেত্রে কোন উৎপাদন বিধি কার্যকর হয়েছে?
ক. ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন বিধি
খ. ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বিধি
গ. ক্রমবর্ধমান মাত্রাগত উৎপাদন বিধি
ঘ. ক্রমহ্রাসমান মাত্রাগত উৎপাদন বিধি

নিচের সূচিটি ভালো করে পর্যবেক্ষণ করুন এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দিন।

উৎপাদনের পরিমান (Q)	মোট ব্যয় (TC)	গড় ব্যয় (AC)	প্রান্তিক ব্যয় (MC)
১ একক	৫ টাকা	৫ টাকা	৫ টাকা
২ একক	৮ টাকা	৪ টাকা	৩ টাকা
৩ একক	১২ টাকা	৪ টাকা	৪ টাকা
৪একক	২০ টাকা	৫ টাকা	৮ টাকা

৩৪। বর্ণিত সূচি অনুযায়ী গড় ব্যয় (AC) রেখার আকৃতি হবে-
ক. ইংরেজী $'U'$ অক্ষরের আকৃতি
খ. সরলাকৃতি
গ. ভূমি অক্ষের সমান্তরাল
ঘ. লম্ব অক্ষের সমান্তরাল

৩৫। বর্ণিত সূচিতে গড় ব্যয় (AC) ও প্রান্তিক ব্যয় (MC) রেখার সম্পর্ক হলো-
i. উৎপাদন বৃদ্ধি পেতে থাকলে গড় ও প্রান্তিক ব্যয়হ্রাস পায়
ii. গড় ব্যয় যখন সর্বনিম্ন তখন গড় ব্যয় = প্রান্তিক ব্যয়
iii. কোন সম্পর্ক নেই
নিচের কোনটি সঠিক?
ক. i খ. ii
গ. iii ঘ. i, ii ও iii

৩৬। সার্বিকভাবে জমির মোট যোগান সম্পূর্ণ অস্থিতিস্থাপক। রেখাচিত্র অংকন করে ভূমি অক্ষে জমির পরিমাণ এবং লম্ব অক্ষে খাজনার পরিমাণ দেখানো হলে সেক্ষেত্রে জমির যোগান রেখার আকৃতি কেমন হবে?
ক. বাম দিক থেকে ডান দিকে নিম্নগামী
খ. বাম দিক থেকে ডান দিকে উর্ধ্বগামী
গ. ভূমি অক্ষের সমান্তরাল
ঘ. লম্ব অক্ষের সমান্তরাল

৩৭। উদ্যোক্তার ভূমিকা
i. মূলধন সংগ্রহ
ii. সুদক্ষ পরিচালনা
iii. দূরদর্শী ও উদ্ভোবনী শক্তি সম্পন্ন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

৩৮। অর্থের বাণিজ্যিক কার্যাবলী হচ্ছে-
ক. স্থগিত লেনদেনের মান নির্ধারণ
খ. সঞ্চয়ের বাহক নয়
গ. ঋণের ক্ষেত্রে অসুবিধা সৃষ্টি
ঘ. সামাজিক সম্পর্ক নিশ্চিতকরণ

নিচের উদ্দীপকের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দিন।

কোনো অর্থনীতিতে M =২০০, V =৫, M′ =২০০ ও V′=৫ T=৫০০

৩৯। ঐ অর্থনীতিতে দামস্তর কত?
ক. ১৬ খ. ৮
গ. ৪ ঘ. ২

৪০। ঐ অর্থনীতিতে অর্থের প্রচলন গতি ও লেনদেনের পরিমাণ স্থির থেকে অর্থের পরিমাণ দ্বিগুণ হলে-
i) অর্থের মূল্য হবে ২৫
ii) দামস্তর দ্বিগুন হবে
iii) VM রেখা নিম্নগামী হবে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii

এইচএসসি পরীক্ষা

অর্থনীতি

বিষয় কোড: HSC-1858

সৃজনশীল প্রশ্ন

[দ্রষ্টব্য: যেকোন ০৬টি প্রশ্নের উত্তর দিন। প্রতিটি প্রশ্নের মান ১০]

সময়: ২ ঘন্টা ২০ মিনিট পূর্ণমান: ৬০

১। নির্দিষ্ট সম্পদের অধীনে একজন উৎপাদকের 'X' ও 'Y' দ্রব্য উৎপাদনের বিভিন্ন সংমিশ্রণ নিচের ছকে দেয়া হল:

সংমিশ্রণ	X দ্রব্য (একক)	Y দ্রব্য (একক)
A	০	৬০০
B	১০০	৫০০
C	২০০	৩০০
D	৩০০	০

(ক) উৎপাদন সম্ভাবনা রেখা কাকে বলে?

(খ)উদ্দীপকের ভিত্তিতে একটি উৎপাদন সম্ভাবনা রেখা অংকন করুন।

(গ) চিত্রে B ও C বিন্দুতে X দ্রব্য উৎপাদনের সুযোগ ব্যয় পরিমাপ করে সুযোগ ব্যয়ের ধারণা ব্যাখ্যা করুন।

(ঘ) (X = ১০০, Y = ৪০০) সংমিশ্রণটিতে উৎপাদনের সিদ্ধান্তগ্রহণ করলে কি ঘটবে? আপনার মতামত লিখুন।

২। কোন ভোক্তা X দ্রব্যের ভোগ থেকে যে উপযোগ পায় তা নিম্নরূপঃ

X দ্রব্যের ভোগের পরিমাণ	মোট উপযোগের পরিমাণ (TU)
০.৫	১৫
১.০	২৫
১.৫	৩৩
২.০	৪০
২.৫	৪৬
৩.০	৫১
৩.৫	৫৫
৪.০	৫৮

(ক) ভোক্তার প্রান্তিক উপযোগ কি বাড়ছে, কমছে অথবা স্থির?

(খ) উপরের উদ্দীপকটি থেকে প্রান্তিক উপযোগ বের করুন।

(গ) যদি উপযোগের সংখ্যাগুলো দ্বিগুণ করা হয় তবে কি প্রান্তিক উপযোগ বাড়বে, কমবে না স্থির থাকবে?

(ঘ) প্রতিটি উপযোগ সংখ্যার সাথে ১০ যোগ করলে কি ভোক্তার প্রান্তিক উপযোগ ক্রমবর্ধমান, ক্রমহ্রাসমান অথবা স্থির থাকবে?

৩। আফতাব মিয়া এক ব্যবসায়। তিনি এ বছর আলুর কেজি যখন ৮ টাকা তখন ২০ কেজি বিক্রি করেন। আলুর দাম বৃদ্ধি পেয়ে ১০ টাকা, ১২ টাকা এবং ১৫ টাকা হলে তিনি যথাক্রমে ৩০ কেজি, ৪০ কেজি ও ৫০ কেজি আলু বিক্রি করেন।

(ক) যোগান অপেক্ষকটি ব্যাখ্যা করুন।

(খ) উদ্দীপকে বর্ণিত তথ্যের আলোকে একটি যোগান সূচি তৈরী করে একটি যোগান রেখা অংকন করুন।

(গ) আলুর বিকল্প দ্রব্যের দাম কমে গেলে আফতাব সাহেবের আচরনের কি পরিবর্তন হবে? আপনার যুক্তি উপস্থাপন করুন।

(ঘ) আলুর দাম বর্তমান বছরে ক্রমান্বয়ে কমতে থাকে তাহলে আলুর যোগান পরবর্তী বছরে কেমন হবে ব্যাখ্যা করুন।

৪। গোলাপ সাহেবের দ্রব্যের চাহিদা সূচি নিম্নে দেওয়া হলো:

দাম (টাকায়)	চাহিদার পরিমাণ (এককে)
১০	৮০
১২	৭০
১৪	৬০
১৬	৫০
১৮	৪০
২০	৩০

(ক) চাহিদা বিধি বলতে কি বুঝায়?

(খ) প্রদত্ত চাহিদা সূচি থেকে চাহিদা রেখা অংকন করুন।

(গ) দ্রব্যটির দাম স্থিতিস্থাপকতা বের করুন যখন দ্রব্যটির দাম বৃদ্ধি পেয়ে ১২ টাকা থেকে ১৬ টাকা হয়। ইহা কোন ধরণের স্থিতিস্থাপকতা মন্তব্য করুন।

(ঘ) আড়াআড়ি স্থিতিস্থাপকতা ধনাত্মক বা ঋণাত্মক হলে সম্পর্কিত দ্রব্যগুলো কোন প্রকৃতির হয়। উদাহরণসহ ব্যাখ্যা করুন।

৫। রহিম একজন মৎস্য ব্যবসায়ী। তিনি প্রতিনিয়ত মৎস্য উৎপাদনে নিয়োজিত উপকরণের ব্যয় হিসাব রাখেন। তার মৎস্য খামারের উৎপাদন ব্যয়ের সম্পর্কটি নিম্নরূপ:



চিত্র: প্রান্তিক ও গড় ব্যয় রেখা

(ক) প্রান্তিক ব্যয় ও গড় ব্যয় কাকে বলে?

(খ) উপরের চিত্রানুযায়ী গড় ব্যয় ও প্রান্তিক ব্যয়ের মধ্যে সম্পর্ক দেখান।

(গ) উল্লেখিত চিত্রে কোন বিন্দুতে রহিম মৎস্য উৎপাদনের সিদ্ধান্ত গ্রহণ করবে?

(ঘ) রহিম যদি Q_1 এবং Q_2 বিন্দুতে মৎস্য উৎপাদন করে সেকি দক্ষভাবে উৎপাদন করতে পারবে? আপনার উত্তরের স্বপক্ষে যুক্তি দেখান।

৬। জনাব ইমরান ক ও খ নামে দুটি বাজার হতে দ্রব্য সামগ্রী কিনলেন। তিনি দেখলেন যে, ক বাজারে অসংখ্য ক্রেতা ও বিক্রেতা সমজাতীয় দ্রব্য ক্রয় বিক্রয় করছে। কিন্তু খ বাজারে দেখলেন যে, একজন বিক্রেতা বাজারে পণ্যের যোগান নিয়ন্ত্রণ করছে।

(ক) বাজার বলতে কি বোঝায়?

(খ) মনোপলি, মনোপসনি, বলতে কি বোঝায়?

(গ) উদ্দীপকে কোন কোন বাজারের কথা বলা হয়েছে এবং তাদের বৈশিষ্ট্য লিখুন?

(ঘ) উপরের দুটি বাজারে কোনটিতে ক্রেতা লাভবান হল আর কোনটিতে বিক্রেতা বেশি লাভবান হল ? ব্যাখ্যা করুন?

৭। রহিম একজন সাধারণ শ্রমিক যখন ১০০ টাকা মজুরি পেতেন তখন ৫ কেজি চাল কিনতে পারতেন, এখন তিনি ২০০ টাকা মজুরি পেলেও ঐ ৫ কেজি চালই ক্রয় করতে পারেন।

(ক) শ্রম বাজার কাকে বলে?
(খ) শ্রমের চাহিদা বলতে কি বুঝ?
(গ) উদ্দীপকে উল্লেখিত তথ্য থেকে প্রকৃত মজুরি নির্ণয় করে দেখাও।
(ঘ) রহিমের মজুরি বাড়লেও কোন উন্নতি হয়নি কেন? যুক্তি দাও।

৮। যমুনা ফিউচার পার্কে ইমরান সাহেব তার তিন বন্ধুকে নিয়ে একটি ব্যবসা শুরু করলেন। কিছুদিন অতিবাহিত হওয়ার পর সিদ্ধান্ত গ্রহনে মতানৈক্য দেখা দেওয়ায় ইমরান সাহেব বিব্রত বোধ করলেন এবং পরবর্তীতে নিজেই ব্যবসা থেকে সরে গিয়ে নতুন একটি ব্যবসা শুরু করলেন।

(ক) এক মালিকানা ব্যবসা কি?
(খ) অংশীদারী ব্যবসা কি? এর অসুবিধা কি কি
(গ) উদ্দ্যোক্তা ইমরান সাহেব পরবর্তীতে যে ব্যবসায় নিয়োজিত হলেন তার সুবিধা গুলো লেখ?
(ঘ) উদ্দীপকের ব্যবসা সংগঠন গুলোর পার্থক্য লেখ?

৯। মিথুন সাহেব সোনালী ব্যাংকে প্রাথমিক আমানত করলেন ৬০০০ টাকা। সোনালী ব্যাংক এই টাকার ২০% কেন্দ্রীয় ব্যাংকে রিজার্ভ রেখে অবশিষ্ট অর্থ মিথুন সাহেবকে ঋণ দিল। উক্ত ঋণ মিথুন সাহেব নগদ পেলেন না বরং ব্যাংকে হিসাব খোলে সেই হিসাবে আমানত করতে হলো। তাই সোনালী ব্যাংকের আমানতের পরিমাণ বৃদ্ধি পেল।

(ক) কেন্দ্রীয় ব্যাংক কি?
(খ) বাণিজ্যিক ব্যাংকের সামাজিক কার্যক্রম বলতে কি বোঝায়?
(গ) আমানত সংগ্রহ বাণিজ্যিক ব্যাংকের প্রধান কাজ- ব্যাখ্যা করুন।
(ঘ) কেন্দ্রীয় ব্যাংক কিভাবে ঋণ নিয়ন্ত্রণ করে- বিশ্লেষণ করুন।